



সিদ্ধান্ত

- Ursula Nafula
- Vusi Malindi
- Asma Afreen
- 💬 Bengali
- III Level 2






আমার গ্রামে অনেক সমস্যা ছিল। আমরা একটি নলকূপ থেকে পানি নিতে লম্বা লাইনে দাঁড়াতাম।




আমরা অন্যদের দান করা খাদ্যের জন্য অপেক্ষা করতাম।




চোরের ভয়ে আমরা আগেভাগেই বাড়িতে তালা লাগিয়ে দিতাম।




অনেক বাচ্চারা স্কুল ছেড়ে দিয়েছিল।




কিশোরী মেয়েরা অন্যান্য গ্রামে ঝিয়ের কাজ করত।




কিশোর ছেলেরা গ্রামে ঘুরে বেড়াত, যেখানে অন্যরা মানুষের ক্ষেতখামারে কাজ করত।



যখন বাতাস বইত, ময়লা কাগজ গাছ ও বেড়াতে ঝুলে থাকত।



অসাবধানে ফেলা ভাঙা কাঁচের টুকরোতে মানুষের হাতপা কেটে যেত।




তারপর একদিন, নলকূপ শুকিয়ে গেল এবং আমাদের পাত্রগুলো খালি হয়ে গেল।




আমার বাবা ঘরে ঘরে হেঁটে গিয়ে লোকদের গ্রামের সভায় যোগ দিতে বললেন।




লোকেরা একটি বড় গাছের নিচে জড়ো হল এবং শুনল।




আমার বাবা উঠে দাঁড়ালেন এবং বললেন, "আমাদের সমস্যাগুলো সমাধান করতে একসাথে মিলে কাজ করতে হবে।"




আট বছর বয়সী জুমা, একটি গাছের উপর বসে চিৎকার করে বলল, "আমি পরিষ্কার করতে সাহায্য করতে পারি।"



একজন মহিলা বললেন, "ফসল ফলাতে মহিলারা আমার সাথে যোগ দিতে পারে।"



আরেকজন লোক দাঁড়িয়ে বলল, "পুরুষেরা একটি কূপ খনন করবে।"



আমরা সবাই সমস্বরে চিৎকার করে বললাম, "আমাদের জীবন বদলাতে হবে।" সেই দিন থেকে আমরা আমাদের সমস্যার সমাধান করার জন্য একসাথে কাজ করেছি।



Storybooks Canada

storybookscanada.ca

সিদ্ধান্ত

Written by: Ursula Nafula Illustrated by: Vusi Malindi Translated by: Asma Afreen

This story originates from the African Storybook (africanstorybook.org) and is brought to you by Storybooks Canada in an effort to provide children's stories in Canada's many languages.



This work is licensed under a Creative Commons Attribution 4.0 International License.